

💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ মহানবী (সাঃ) এর নাম শুনলে রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহানবী (সাঃ) এর নাম শুনলে

মহানবী (ﷺ) এর উপর যে ব্যক্তি ১ বার দর্মদ পাঠ করে, বিনিময়ে আল্লাহ তার উপর ১০বার রহমত বর্ষণ করে থাকেন। (মুঃ ১/২৮৮)।

রসুল (ﷺ) এর নাম যার কানে পৌঁছে অথচ দর্মদ পাঠ করে না, সেই হল আসল বখীল। (সঃ তিরমিযী ৩/১৭৭) সুতরাং তার নাম শোনা বাবলা মাত্র পড়তে হয়,

مَلَيْهِ الصَّلاةُ وَالسَّلامِ (স্বাল্লাল্লাহ্ আলাইহি অসাল্লাম)। অথবا عَلَيْهِ الصَّلاةُ وَالسَّلامِ (আলাইহিস স্বালা-তু অসসালাম।) অর্থাৎ, আল্লাহ তার উপর করুণা ও শান্তি বর্ষণ করুন। মহানবী (ﷺ) এর উপর দর্মদ পাঠের আরো ফ্যোল্ড এই যে, তার ফলে পাঠকারীর দুশ্চিন্তা দুর হবে, গোনাহ মাফ হবে, মহানবী (ﷺ) তার জবাব দেবেন, কিয়ামতের দিন কোন আফসোস হবে না, দুআ কবুল হবে, ইত্যাদি। দর্মদ পাঠ রাসূলুল্লাহ (ﷺ) এর প্রতি মহব্বতের এক উজ্জ্বল নিদর্শন। (জালাউল আফহাম ইবনুল কাইয়েম ৩৫৯-৩৭০ দ্রষ্টব্য)

দরূদ পাঠের স্থান হল, নামাযের তাশাহহুদে, কুনুতের শেষে, জানাযার নামাযে, খুতবায়, আযানের জওয়াব দেওয়ার পর, দুআর সময়, মসজিদে প্রবেশ করতে ও সেখান হতে বের হতে, ইমী মজলিসে, জুমআর দিনে ইত্যাদি। প্রকাশ থাকে যে, জামাআতী দরূদ বা কিয়াম করে দরূদ এবং মনগড়া রচিত দরূদ পাঠ করা বিদআত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11805

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন